

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd


নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৩.১৫ - ১৪৬২ (০৬)

তারিখ: ২২/০৬/১৪২৫ বঙ্গাব্দ
২৬/০৬/২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়: ৩৬তম স্যাটেলাইট ট্রেনিং কোর্স অন টিচার্স প্রফেশনাল ডেভলপমেন্ট-এ প্রশিক্ষণার্থী মনোনয়ন ও প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী ২০শে শ্রাবণ ১৪২৫ থেকে ২৫শে শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/০৪ঠা আগস্ট ২০১৬ থেকে ০৯ই আগস্ট ২০১৬ খ্রি. সময়ে ৩৬তম স্যাটেলাইট ট্রেনিং কোর্স অন টিচার্স প্রফেশনাল ডেভলপমেন্ট চট্টগ্রাম জেলার সীতাকুণ্ড উপজেলা, খাগড়াছড়ি সদর এবং কক্সবাজার সদর উপজেলায় মোট তিনটি মাধ্যমিক বিদ্যালয়ে একযোগে অনুষ্ঠিত হবে। এজন্য তাঁর আওতাধীন উপজেলা হতে একটি মাধ্যমিক বিদ্যালয়কে প্রশিক্ষণ ভেন্যু হিসেবে নির্ধারণ এবং মাধ্যমিক পর্যায়ের সরকারি/এমপিওভুক্ত ২০টি (মাধ্যমিক, নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসা) শিক্ষা প্রতিষ্ঠান থেকে অগ্রাধিকার বিবেচনায় ০২(দুই) জন করে মোট ৪০ জন এমপিওভুক্ত সহকারী শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন দানের জন্য অনুরোধ করা হলো।

প্রশিক্ষণার্থীগণকে পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, সর্বশেষ এমপিও-এর ফটোকপি এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত ছাড়পত্র সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য বিধি মোতাবেক প্রশিক্ষণার্থীগণ নায়েম হতে শুধুমাত্র দৈনিক ভাতা প্রাপ্য হবেন। উল্লেখ্য, ইতোপূর্বে এ প্রশিক্ষণে কোন শিক্ষক অংশগ্রহণ করে থাকলে তাঁর অংশগ্রহণের প্রয়োজন নেই। প্রশিক্ষণার্থীগণের তালিকা (নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম ইংরেজিতে) এবং প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ করে আগামী ০১লা শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/ ১৬ই জুলাই ২০১৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত এবং সফট কপি kalachand7703@gmail.com ঠিকানায় প্রেরণ করতে অনুরোধ করা হলো।



(প্রফেসর ড. আ. ফ. ম. শফিকুর রহমান)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম
ই-মেইল: info@naem.gov.bd


জেলা শিক্ষা কর্মকর্তা
চট্টগ্রাম/খাগড়াছড়ি/কক্সবাজার

নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৩.১৫ - ১৪৬২ (০৬) (১২)

তারিখ: ২২/০৬/১৪২৫ বঙ্গাব্দ
২৬/০৬/২০১৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি এবং সহযোগিতার জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা;
- ২-৫। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যানয়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
- ৬-৮। জেলা প্রশাসক, চট্টগ্রাম/খাগড়াছড়ি/কক্সবাজার (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ৯-১১। পুলিশ সুপার, চট্টগ্রাম/খাগড়াছড়ি/কক্সবাজার (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ১২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, চট্টগ্রাম অঞ্চল (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ১৪। সহকারী পরিচালক (অর্থ), নায়েম, ঢাকা;
- ১৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সীতাকুণ্ড/খাগড়াছড়ি সদর/কক্সবাজার সদর;
- ১৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সীতাকুণ্ড/খাগড়াছড়ি/কক্সবাজার সদর;
- ১৭। প্রোগ্রামার, নায়েম (আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১৮। মহাপরিচালক, নায়েম-এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
- ১৯। অফিস নথি।


(কালচাঁদ শীল)
উপ-পরিচালক

ও
কোর্স পরিচালক

৩৬তম স্যাটেলাইট ট্রেনিং কোর্স অন টিচার্স প্রফেশনাল ডেভলপমেন্ট
মোবাইল: ০১৭১৫১৬১৪৭৫, ই-মেইল: kalachand7703@gmail.com